

নির্দেশী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এস/এস অফিস ভবন-২, ঢাকা।			
তারিখ: ৫০৫	তারিখ: ২৭/১২/১৮	স্বাক্ষর: [Signature]	
ক্র. নং:	সংখ্যা:	উ. বি. প্র.:	নি. প্র.:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
হিসাব শাখা-১  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
www.pwd.gov.bd



জরুরি  
সীমিত

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০০৭.২২.১২১

তারিখ: ৬ ফাল্গুন ১৪৩০

১৯ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের নির্মাণ কাজের জন্য অর্থ বরাদ্দ।

সূত্র: ব্যবস্থাপনা পরিচালক এর স্মারক নং/২৯ তারিখঃ-০৬/০২/২০২৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে খরচ করার জন্য ৪৫০.০০ লক্ষ (চার কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র বরাদ্দ করা হলো।

উক্ত খরচ ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্প, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমিক ভবন (৫ম-তলা), ৫৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক চেকের মাধ্যমে ৪৫০.০০ লক্ষ টাকা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্ত করেছেন। যার চেক নং-সিজি ৫০ ৯১৯৬২৮৩ তারিখঃ-৩১/০১/২০১৪খ্রিঃ, সোনালী ব্যাংক লিমিটেড, মহাখালী শাখা, ঢাকা। প্রধান প্রকৌশলী মহোদায় চেকে পৃষ্ঠাংকন করতঃ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক ব্যয় করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ দপ্তরে দাখিল করতে হবে। উক্ত ব্যয় খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

০১। প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ পূর্বক অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।

০২। কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।

০৩। বরাদ্দকৃত অর্থ চলতি আর্থিক সালের মধ্যে ব্যয় করতে হবে এবং খরচের হিসাব বিবরণী এ দপ্তরে/ প্রত্যাশি সংস্থার নিকট দাখিল করতে হবে।

০৪। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম-উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

সংযুক্তিঃ-চেক নং-সিজি ৫০ ৯১৯৬২৮৩ তারিখঃ-৩১/০১/২০২৪খ্রিঃ,

সোনালী ব্যাংক লিমিটেড, মহাখালী শাখা, ঢাকা।

টাকার পরিমাণঃ-৪৫০.০০ লক্ষ।

[Signature]

১৯-২-২০২৪

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)



নির্বাহী প্রকৌশলী

গণপূর্ত ই/এম বিভাগ-৭, ঢাকা

ফোন: ০২২২৩৩৮৮৯১৪


ইমেইল: se\_coord@pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০০৭.২২.১১১/১(১১)

তারিখ: ৬ ফাল্গুন ১৪৩০  
১৯ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):

- ১) হিসাব মহানিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (স ও স)/ (পওবিপ্র)/ (ই/এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩) মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল-৩, ঢাকা।
- ৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্প, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমিক ভবন (৫ম-তলা), ৫৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা। ইহা তাঁর সূত্রস্থ স্মারক ও তারিখের বরাতে।
- ৭) নির্বাহী প্রকৌশলী (প্রধান প্রকৌশলীর ষ্টাফ অফিসার), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৮) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। ইহা গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে আটলোড করার জন্য প্রেরণ করা হলো।
- ৯) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১১) গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।



১৯-২-২০২৪

মোঃ সাখাওয়াৎ হোসেন  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)